



বগুড়া-৬ আসনে তারেক রহমানের পক্ষে মনোনয়ন ফরম উত্তোলন



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বগুড়া-৬ (সদর) আসন থেকে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষে মনোনয়ন ফরম সংগ্রহ করা হয়েছে। রোববার (২১ ডিসেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় থেকে আনুষ্ঠানিকভাবে মনোনয়ন ফরম উত্তোলন করা হয়। জেলা বিএনপির সভাপতি রেজাউল করিম বাদশার নেতৃত্বে দলের পাঁচজন জ্যেষ্ঠ নেতাকে নিয়ে গঠিত একটি প্রতিনিধি দল জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা তৌফিকুর রহমানের কার্যালয় থেকে মনোনয়ন ফরমটি সংগ্রহ করেন। এ সময় দলীয় নেতাকর্মীদের মধ্যে ব্যাপক আগ্রহ ও উৎসাহ লক্ষ্য করা যায়।

জেলা বিএনপি সূত্রে জানা গেছে, তারেক রহমানের পক্ষে মনোনয়ন ফরম সংগ্রহকে ঘিরে নেতাকর্মীদের মধ্যে নতুন উদ্দীপনা সৃষ্টি হয়েছে। নেতারা আশা প্রকাশ করেন, তাঁর নেতৃত্বে দল আরও সুসংগঠিত হয়ে নির্বাচনী মাঠে সক্রিয় ভূমিকা রাখবে।

উল্লেখ্য, এবারই প্রথম জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে যাচ্ছেন তারেক রহমান। বিএনপি ক্ষমতায় থাকাকালে ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত তিনি দলের যুগ্ম মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। পরে ২০০৯ সালের জাতীয় কাউন্সিলে সিনিয়র যুগ্ম মহাসচিব নির্বাচিত হন তিনি। ২০১৮ সাল থেকে দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করে আসছেন তারেক রহমান।